**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 07-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 P.M.** **Compiling : Jayanta S./ NBR**
**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ উত্তরবঙ্গে নতুন করে বৃষ্টি না হওয়ায় কিছুটা স্বস্তি ফিরেছে। #রাজ্যপাল, মুখ্যমন্ত্রী, রাজ্যের বিরোধী দলনেতা, কেন্দ্রীয় মন্ত্রী এবং প্রদেশ কংগ্রেস সভাপতি আজ ক্ষতিগ্রস্থ এলাকা পরিদর্শন করে দুর্গতদের সঙ্গে কথা বলেছেন। #এখনো পর্যন্ত ২৭ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

২/ লোকসভার অধ্যক্ষ **ওম বিড়লা**, নাগরাকাটায় বিজেপি সাংসদের উপর আক্রমণের ঘটনায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট চেয়েছেন। #বিজেপি, নাগরাকাটায় দলের সাংসদ ও বিধায়কের ওপর আক্রমণের ঘটনায় NIA তদন্তের দাবী করেছে।

৩/ উত্তরবঙ্গে অতিভারী বৃষ্টির পূর্বাভাস যথাযথ সময়েই দেওয়া হয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

৪/ উপনির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি দল, রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে আজ রাতে এরাজ্যে আসছে। # আগামীকাল জেলা নির্বাচনী আধিকারিকদের ও অন্যান্যদের সঙ্গে বৈঠক হবে।

**************************************************************************

প্রবল বৃষ্টি, ভূমিধ্বসে বিপর্যস্ত উত্তরবঙ্গের ক্ষতিগ্রস্ত এলাকায় পূর্ত, জনস্বাস্থ্য কারিগরী, অসামরিক প্রতিরক্ষা, বিপর্যয় মোকাবিলা, বিদ্যুত ও দমকল দপ্তরে পক্ষ থেকে ত্রাণ ও উদ্ধারকাজ জোর কদমে চলছে। সরকারি বেসরকারী নানা সংগঠনের পক্ষ থেকে বিলি করা হচ্ছে সহায়তা। তবে আবহাওয়ার উন্নতি হয়েছে।

সেখানকার সামগ্রিক পরিস্থিতি নিয়ে আমাদের জলপাইগুড়ির সংবাদদাতা চন্দনা চৌধুরীর একটি প্রতিবেদন।

(ভিসি- চন্দনা)

এদিকে, এখনো পর্যন্ত এই বিপর্যয়ে ২৭ জনের মৃত্যু হয়েছে বলে রাজ্য সরকার জানিয়েছে।

***********************

ব্যাপক বৃষ্টি, ভূমিধ্বস ও হড়পা বানে ক্ষতিগ্রস্থ উত্তরবঙ্গের দার্জিলিং ও ডুয়ার্সে এলাকা পরিদর্শনের দ্বিতীয় দিনে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ মিরিকে গিয়ে ক্ষতিগ্রস্থ এলাকা ঘুরে দেখেন। কথা বলেন স্থানীয় মানুষ জনের সঙ্গে। ১৫ দিনের মধ্যে দুধিয়ায় ক্ষতিগ্রস্থ সেতুটি অস্থায়ীভাবে তৈরি করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। দুর্যোগে যাদের ঘরবাড়ি ক্ষতিগ্রস্থ হয়েছে তাদের নামের তালিকা তৈরির জন্যে মুখ্যমন্ত্রী, জেলাশাসক প্রীতি গোয়েলকে নির্দেশ দেন। ক্ষতিগ্রস্থ পরিবারগুলির হাতে আর্থিক সহায়তাও তুলে দেন মুখ্যমন্ত্রী। দুধিয়া থেকে উত্তরকন্যা ফেরার পথে মুখ্যমন্ত্রী শিলিগুড়ির বেসরকারি নার্সিংহোমে চিকিৎসাধীন উত্তর মালদার সাংসদ খগেন মুর্মুকে দেখতে যান। তাঁর শারীরিক অবস্থার'ও খোঁজখবর নিয়েছেন তিনি।

এর আগে রাজ্যপাল CV আনন্দ বোস'ও আহত খগেন মুর্মুকে দেখতে হাসপাতালে যান। এধরণের ঘটনা গণতন্ত্রে কাম্য নয় বলেও মন্তব্য করেন তিনি।

( বাইট- রাজ্যপাল )

বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারীও** আজ হাসপাতালে চিকিৎসাধীন খগেন মুর্মু ও শঙ্কর ঘোষকে দেখতে যান। এই ঘটনায় এখনো পর্যন্ত পুলিশ কাউকে গ্রেপ্তার করতে পারেনি বলেও জানান তিনি। খগেন মুর্মুর সঙ্গে দেখা করলেও মুখ্যমন্ত্রী শঙ্কর ঘোষকে এড়িয়ে গেছেন বলে মন্তব্য করেন শুভেন্দু।            ( বাইট- শুভেন্দু )

প্রদেশ কংগ্রেস সভাপতি **শুভঙ্কর সরকারের** নেতৃতে এক প্রতিনিধি দলও বিপর্যস্ত এলাকা পরিদর্শন করেন। উত্তরবঙ্গের এই পরিস্থিতিকে জাতীয় বিপর্যয় হিসেবে ঘোষণার দাবী জানিয়েছেন শ্রী সরকার।

**********************

লোকসভার অধ্যক্ষ **ওম বিড়লা,** নাগরাকাটায় বিজেপি সাংসদের উপর আক্রমণের ঘটনায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট চেয়েছেন। মুখ্যসচিব মনোজ পন্থকে এব্যাপারে লোকসভার সচিবালয় থেকে চিঠি পাঠানো হয়েছে।

সংসদ বিষয়ক মন্ত্রী **কিরেণ রিজিজু** আজ উত্তরবঙ্গের পরিস্থিতি পরিদর্শনে এসে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান, রাজ্য সরকার এই রিপোর্ট না পাঠালে সরকারের বিরুদ্ধে 'প্রিভিলেজ' আনা হবে। নিয়ম অনুযায়ী এবিষয়ে তদন্তের প্রয়োজন। তাই অবিলম্বে রিপোর্ট পাঠাবার জন্য শ্রী রিজিজু রাজ্য সরকারের কাছে আর্জি জানান। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশে তিনি উত্তরবঙ্গের বন্যা পরিস্থিতি খতিয়ে দেখে রিপোর্ট দেবেন।

বিজেপি নাগরাকাটায় দলের সাংসদ-বিধায়কের ওপর আক্রমণের ঘটনায় NIA তদন্তের দাবী করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি **শমীক ভট্টাচার্য** জানিয়েছেন, বারবার এই পরিস্থিতি চলতে পারে না।

( বাইট- শমীক )

************************

ত্রাণ বন্টনে গিয়ে মালদা উত্তরের সাংসদ খগেন মুর্মু এবং শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষের আক্রান্ত হবার প্রতিবাদে আজ রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষোভ কর্মসূচীতে সামিল হন বিজেপির নেতা কর্মীরা।

হাওড়ার গ্রামীণ এলাকার বাগনান, আমতা, উলুবেড়িয়ার বিভিন্ন জায়গায় চলে পথ অবরোধ এবং বিক্ষোভ সমাবেশ।

দুই বর্ধমানেও প্রতিবাদ কর্মসূচী পালন করে বিজেপি।

************************

উত্তরবঙ্গে অতিভারী বৃষ্টির পূর্বাভাস যথাযথ সময়েই দেওয়া হয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান হাবিবুর রহমাণ বিশ্বাস সাংবাদিকদের বলেন, ১৯শে সেপ্টেম্বরেই এই পূর্বাভাস দেওয়া হয়েছিল।

( বাইট- হাবিবুর )

************************

কোচবিহারের মাথাভাঙ্গা দু'নম্বর ব্লকের বড় শিমুলগুড়ি এলাকায় আজ এক বন্য শুকরের হামলায় এক কৃষকের মৃত্যু হয়েছে। বীরেন বর্মণ নামে ওই কৃষক সকালে তোর্সা নদীর পাড়ে ঘাস কাটতে যান। সেইসময় জলে ভেসে আসা বন্য শুকরটি তাঁকে আক্রমণ করে। এদিকে, ঘটনার পর শুকরটির খোঁজ না মেলায় এলাকায় আতঙ্ক ছড়িয়েছে।

************************

ভোটার তালিকা সংক্রান্ত কাজকর্ম খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের একটি দল আজ রাতে এরাজ্যে আসছে। পশ্চিমবঙ্গের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক উপনির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে দলটি আগামীকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলা নির্বাচনী আধিকারিক, ERO এবং নির্বাচনের সঙ্গে যুক্ত অন্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করবে। নির্বাচন কমিশনের সচিব SB যোশী, ডেপুটি সচিব অভিনব আগরওয়াল এবং DG-IT সীমা খান্না ওই দলে রয়েছেন।

ত্রাণ ও পুনর্বাসনমূলক কার্যক্রমকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে রাজ্য নির্বাচন দফতর উত্তরবঙ্গের সমস্ত জেলা নির্বাচন আধিকারিকদের এই বৈঠক থেকে অব্যাহতি দিয়েছে।

আগামীকাল বৈঠকের পর প্রতিনিধি দল রওনা দেবে উত্তর ২৪ পরগনার উদ্দেশে। দুপুরে রাজারহাট জেলা পরিষদ অডিটোরিয়ামে বৈঠকে উপস্থিত থাকবেন রাজারহাট-নিউটাউন ও রাজারহাট-গোপালপুর বিধানসভা কেন্দ্রের জেলা নির্বাচনী আধিকারিক, এডিএম (নির্বাচন), ওসি (নির্বাচন), ই.আর.ও, এ.ই.আর.ও, সুপারভাইজার ও বি.এল.ও-রা । বিকেলে বারাসাত কালেক্টরেটেও এক বৈঠকে যোগ দেবে প্রতিনিধি দলটি।

আগামী ৯ ই অক্টোবর বৃহস্পতিবার তাঁরা পূর্ব মেদিনীপুর, বাঁকুড়া ও ঝাড়গ্রাম যাবেন।

দুই জেলার বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল এবং অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিকরা উপস্থিত থাকবেন।

***********************

পূর্ব বর্ধমানের ১৯ নম্বর জাতীয় সড়কের গলসির গলিগ্রামে এক পথ দুর্ঘটনায় ভারতীয় ডাক বিভাগের এক কর্মীর মৃত্যু হয়েছে। আজ সকালে কলকাতা থেকে রানীগঞ্জ যাওয়ার পথে ডাক বিভাগের রুট ট্রান্সপোর্ট নেটওয়ার্ক গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে সামনে থাকা একটি গ্যাসের সিলিণ্ডার বোঝাই ট্রাকের পিছনে ধাক্কা মারে। ঘটনাস্থলেই ডাক বিভাগের গাড়ি চালক বছর ৫০ এর সঞ্জয় বিশ্বাস প্রাণ হারান। তিনি নদীয়ার তেহট্টের বাসিন্দা। পরে

হাসপাতালে আরো এক কর্মী হুগলীর রিষড়ার বাসিন্দা ৫৩ বছর বয়সী গৌতম পালের মৃত্যু হয়।

************************

বাংলা, উত্তরাখণ্ডের বিরুদ্ধে ম্যাচ দিয়ে এবারের রঞ্জি ট্রফি অভিযান শুরু করবে। ইডেনে চারদিনের ম্যাচটি শুরু হবে ১৫ ই অক্টোবর। সল্ট লেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠে বাংলা দলের এখন প্রস্তুতি চলছে। ভারতের প্রাক্তন অধিনায়ক, সিএবি সভাপতি সৌরভ গাঙ্গুলি আজ বাংলা দলের অনুশীলনে গিয়ে ক্রিকেটারদের উৎসাহিত করেন।

**********************************************************************